

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮০

৩/ বিতর (أَبْوَابُ الْوِتْرِ)

পরিচ্ছেদঃ সালাতুল ইস্তিখারা।

باب مَا جَاءَ فِي صَلَةِ الْإِسْتِخَارَةِ

আরবী

حَدَّثَنَا قَتِيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الْمَوَالِيِّ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْلَمُنَا الْإِسْتِخَارَةُ فِي الْأُمُورِ كُلِّهَا كَمَا يُعْلَمُنَا السُّورَةُ مِنَ الْقُرْآنِ يَقُولُ "إِذَا هَمَ أَحَدُكُمْ بِالْأَمْرِ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ مِنْ غَيْرِ الْفَرِيضَةِ ثُمَّ لِيَقُولَ اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَامُ الْغُيُوبِ اللَّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرُ خَيْرٌ لِي فِي دِينِي وَمَعِيشَتِي وَعَاقِبَةِ أَمْرِي أَوْ قَالَ فِي عَاجِلٍ أَمْرِي وَاجِلٍ فَيَسِّرْهُ لِي ثُمَّ بَارِكْ لِي فِيهِ وَإِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرُ شَرٌّ لِي فِي دِينِي وَمَعِيشَتِي وَعَاقِبَةِ أَمْرِي أَوْ قَالَ فِي عَاجِلٍ أَمْرِي وَاجِلٍ فَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْنِي عَنْهُ وَاقْدِرْ لِي الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ أَرْضِنِي بِهِ قَالَ وَيُسَمِّي حَاجَتَهُ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَأَبِي أَيُوبَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرٍ حَدِيثُ حَسَنٍ صَحِيحٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي الْمَوَالِيِّ . وَهُوَ شَيْخُ مَدِينَيْ ثَقَةُ رَوَى عَنْهُ سُفِيَّانُ حَدِيثًا وَقَدْ رَوَى عَنْ عَبْدِ الرَّحْمَنِ غَيْرُ وَاحِدٍ مِنَ الائِمَّةِ وَهُوَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَبِي الْمَوَالِيِّ .

বাংলা

৪৮০. কুতায়বা (রহঃ) জাবির ইবনু আবদিল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যেমন কুরআন করীমের সুরা শিখাতেন, তেমনিভাবে সকল বিষয়ে ইস্তিখারা করতেও শিখাতেন। তিনি বলতেনঃ তোমরা যখন কোন কাজ করতে ইচ্ছা কর তখন ফরয ছাড়া অন্য ধরনের (নফল) দুই রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করবে। পরে এই দু'আটি পাঠ করবেঃ

اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ
وَأَنْتَ عَلَّامُ الْغُيُوبِ اللَّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرَ خَيْرٌ لِي فِي دِينِي وَمَعِيشَتِي وَعَاقِبَةِ أُمْرِي أَوْ قَالَ فِي عَاجِلٍ
أُمْرِي وَأَجِلِهِ فَيَسِّرْهُ لِي ثُمَّ بَارِكْ لِي فِيهِ وَإِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرَ شَرٌّ لِي فِي دِينِي وَمَعِيشَتِي وَعَاقِبَةِ أُمْرِي أَوْ
قَالَ فِي عَاجِلٍ أُمْرِي وَأَجِلِهِ فَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْنِي عَنْهُ وَافْدُرْ لِي الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ أَرْضِنِي بِهِ

‘আল্লা-হুম্মা ইন্নী আস্তাখীরুকা বিইলমিকা অ আস্তাকদিরুকা বি কুদরাতিকা অ আসআলুকা মিন ফায়ফিকাল
আযীম, ফাইঘাকা তাকদিরু অলা আকদিরু অতা’লামু অলা আ’লামু অ আন্তা আল্লা-মুল গুয়ুব। আল্লা-হুম্মা ইন
কুন্তা তা’লামু আল্লা হা-যাল আমরা (-) খাইরুল লী ফী দীনী অ মাআ’শী অ আ’-ক্রিবাতি আমরী অ আ’-
জিলিহী অ আ’-জিলিহ, ফাকদুরহু লী, অয়াসসিরহু লী, সুম্মা বা-রিক লী ফীহ। অইন কুন্তা তা’লামু আল্লা হা-
যাল আমরা শাররুল লী ফী দীনী অ মাআ’শী অ আ’-ক্রিবাতি আমরী অ আ’-জিলিহী অ আ’-জিলিহ, ফাস্বরিফহু
আন্নী অস্বরিফনী আনহু, অকদুর লিয়াল খাইরা হাইসু কা-না সুম্মা আরযিনী বিহ।’

”হে আল্লাহ! আপনার মহাজ্ঞানের ওয়াসীলায় আমি আপনার কাছে কল্যাণ প্রার্থনা করি। আপনার মহাশক্তিতে শক্তি
চাই, আর আপনার মহান অনুগ্রহ থেকে আপনার কাছেই কিছু যাঞ্চা করি। কারণ আপনি তো ক্ষমতা রাখেন, আমি
তো কোন ক্ষমতা রাখি না, আপনই জ্ঞানবান, আমি তো কোন জ্ঞান রাখি না, আপনি তো অদ্র্শ্য সম্পর্কে
মহাজ্ঞানী। হে আল্লাহ! যদি আপনি জানেন যে, এই বিষয়টি (এই স্থানে বিষয়টি নাম বলবে বা মনে মনে ভাববে)
আমার জন্য, আমার দীন, জীবিকা ও পরিণাম হিসাবে ভাল, তবে এটি আমার জন্য সহজ করে দিন, এরপর এতে
আমার জন্য বরকত দান কর। আর যদি জানেন যে, এই বিষয়টি আমার জন্য, আমার দীন, জীবিকা ও পরিণাম
হিসাবে মন্দ, তবে এটিকে আমার থেকে দূরীভূত করে দিন এবং আমাকে এটি থেকে সরিয়ে রাখুন এবং যেখানে
আমার জন্য মঙ্গল নিহিত তা আমার আয়ত্তাধীন করে দিন, অতঃপর তা দিয়ে আমাদেরকে আপনি সন্তুষ্ট করে
দিন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এই বিষয়টি-এর স্তুলে স্ব স্ব প্রয়োজনের কথা উল্লেখ করবে।
- ইবনু মাজাহ ১৩৮০, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৮০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু মাসউদ ও আবু আইয়ুব রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবু
ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ জাবির (রহঃ) বর্ণিত হাদীসটি হাসান-সহীহ-গারীব। আবদুর রহমান ইবনু আবিল
মাওয়ালীর সূত্র ব্যক্তিত এটি সম্পর্কে আমাদের জানা নেই। ইনি একজন নির্ভরযোগ্য মাদানী শায়খ, ইমাম
সুফইয়ান (রহঃ) তার নিকট থেকে হাদীস বর্ণনা করেছেন। এই আবদুর রহমান বরাতে হাদীসশাস্ত্রের একাধিক
ইমামও হাদীস রিওয়ায়াত করেছেন।

English

Jabir bin Abdullah narrated:

"Allah's Messenger would teach us Al-Isthikhara for all of our affairs just as

he would teach us a Surah of the Qur'an, saying: 'When one of you is worried about a matter, then let him perform two Rak'ah other than the obligatory (prayer), then let him say: (Allahumma inni astakhiruka bi'ilmika, wa astaqdiruka biqudratika, wa as'aluka min falikal-azim, fa innaka taqdiru wa la qadiru, wa ta'lami wa la a'lamu, wa anta allamul-ghayub. Allahumma in kunta ta'lamu anna hadhal-amra khairun li fi dini wa ma'ishati wa aqibati amri, or said: Fi ajili amri wa ajilihi fayassirhu li, thumma barik li fihi, wa in kunta ta'lamu anna hadhal-amra sharrun li fi dini wa ma'ishati wa aqibati amri, or said: Fi ajili amri wa ajilihi fasrifhu anni wasrifni anhu waqdur Lil-khaira haithu kana, thumma ardini bih.)" 'O Allah! I consult Your knowledge, and seek ability from Your power, and I ask You from Your magnificent bounty, for indeed You have power and I do not have power, and You know while I do not know, and You know the unseen. O Allah! If you know that this matter is good for me in my religion or my livelihood, and for my life in the Hereafter - or he said: for my present and future - then make it easy for me, then bless me in it. If You know that this matter is bad for me in my religion and my livelihood and my life in the Hereafter - or he said: for my present and future - then divert it from me and divert me from it, enable me to find the good wherever it is, then make me pleased with it." He said: "And he mentions his need."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17669>

₹ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন